

ইইডি'র এডিপি বাস্তবায়ন সভায় শিক্ষামন্ত্রী শিক্ষা প্রতিষ্ঠানে আরো ২২ হাজার ৫০০ ভবন নির্মান করা হবে

ঢাকা, ০৫ মে ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ২০০৯ সাল থেকে এ পর্যন্ত স্কুল কলেজ ও মাদরাসায় ১০ হাজার ৫০০ নতুন ভবন নির্মান করা হয়েছে। এর মধ্যে ২ হাজার ভবনের নির্মান কাজ চলমান রয়েছে। আরো ২২ হাজার ৫০০ ভবন নির্মান করা হবে। এই ভবনগুলো ৪-তলা থেকে ১০-তলা পর্যন্ত হবে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ইইডি) কর্তৃক ২০১৭-২০১৮ সালের এডিপি বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের প্রকৌশলীদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রত্যেক নির্বাচনী এলাকায় ২০টি হাইস্কুল, ৬টি মাদরাসা এবং সবগুলো কলেজে ভবন নির্মান করা হবে। ২০টি স্কুলের মধ্যে ১০টিতে নতুন ভবন এবং ১০টিতে ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হবে। ২০০ কলেজে মহিলা আবাসিক হোস্টেল নির্মান করা হবে। এজন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, প্রত্যেক উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) নির্মান করা হবে। এর মধ্যে ১০০টির নির্মান কাজ চলছে। এ বছরের মধ্যে এই ১০০টি টিএসসি'র নির্মান কাজ সম্পন্ন করতে তিনি ইইডি'র প্রকৌশলীদের নির্দেশ দেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের গুণগত পরিবর্তন হয়েছে। ভাল পরিবেশ তৈরি হয়েছে। এ পরিবেশ ও সুনাম ধরে রাখতে হবে। সবার আগে কাজগুলো সুন্দরভাবে সমাপ্ত করতে হবে। এবারের এডিপি বাস্তবায়নে অবশিষ্ট সময় কঠোর পরিশ্রমের মাধ্যমে কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য তিনি প্রকৌশলীদের প্রতি আহবান জানান। তিনি বলেন, কাজগুলো যাতে ভাল ও টেকসই হয়, সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে। মানের সাথে কোন আপোষ করা যাবে না। উন্নত ও সুন্দর ডিজাইনের ভবন নির্মান করতে হবে, যাতে শিক্ষার্থীদের কাছে আকর্ষণীয় হয়।

শিক্ষামন্ত্রী আরো বলেন, সরকার শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রকৌশলীদের পদোন্নতিসহ এ অধিদপ্তরের উন্নয়নে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে। এ অধিদপ্তরে বর্তমানে এক হাজার ৩২৭টি পদ রয়েছে। আরো ৩ হাজার ৬৭০টি নতুন পদ সৃষ্টির প্রক্রিয়া চলছে। দক্ষতাসম্পন্ন নতুন প্রজন্ম গড়ে তোলার জন্য তিনি সবাইকে নিষ্ঠার সাথে কাজ করার আহবান জানান। তিনি বলেন, ঘুষ-দুর্নীতি অবশ্যই বন্ধ করতে হবে। অপব্যবহার, অপচয়, ঘুষ-দুর্নীতি শিক্ষা মন্ত্রণালয় থেকে বিদায় করে দিতে হবে। ইইডি এর উজ্জ্বল উদাহরণ হবে।

ইইডি'র প্রধান প্রকৌশলী দেওয়ান মোহাম্মদ হানজালার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব মো. মহিউদ্দীন খান, ইইডি'র অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. মজিবুর রহমান সরকার এবং ইইডি'র পরিচালক প্রশাসন খালেদা আক্তার।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষামন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯